দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 OCT 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

42

## চট্টগ্রাম ভার্সিটির বিএসসি পাস পরীক্ষার ফল প্রকাশ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (শনিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সনের বি এস সি পাস পরীক্ষার ফলাফল প্রকাশ করা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

( ১ম পৃঃ পর )

হইয়াছে। গত ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত উক্ত পরীক্ষায় ২ হাজার ৫ শত ৫৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। উহার মধ্যে ১ হাজার ১৯ জন উত্তীর্ণ হইয়াছে। পাশের হার ৩৯ দশমিক ৯ ভাগ। প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে সর্বমোট চারজন। ইহাদের মধ্যে চট্টগ্রাম কলেজ হইতে ৩ জন এবং চাঁদপুর সরকারী কলেজ হইতে একজন। মেধানুসারে প্রথম ৩ জনই চট্টগ্রাম কলেজের। তাহারা হইতেছে গুলশান আরা বেগম (১ম), শামীমা খানম (২য়), শফিউল আজম (৩য়)।

দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে ২ শত ৮০ জন। তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে ৭ শত ৩৫ জন।

অপরদিকে বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক সূত্রে জানা যায় যে, আগামী এক সপ্তাহের মধ্যে বি, কম পাস পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাবনা রহিয়াছে এবং তারপর বি, এ পাস পরীক্ষার ফলাফল প্রকাশিত হইবে।